

## কোচিং বাণিজ্যে নামিদামি স্কুলের দেড় শতাধিক শিক্ষক অভিভাবক একা ফোরামের রিপোর্ট

■ ইত্তেফাক রিপোর্ট

রাজধানীর নামিদামি নয়াটি কুলের ১৬৬ জন শিক্ষক এখনো কোচিং বাণিজ্য চালিয়ে যাচ্ছেন বলে অভিযোগ পাওয়া গেছে। পতকাল রবিবার শান্তিনগর প্রাঙ্গণে অভিভাবক একা ফোরামের কেন্দ্রীয় কমিটির সভায় উপস্থাপিত এক প্রতিবেদন থেকে এ তথ্য পাওয়া গেছে। সভায় কোচিং বাণিজ্যে অর্জিত শিক্ষকদের নাম প্রকাশ করার জন্য একটি তদারকি কমিটি গঠন করা হয়েছে। এছাড়া এ ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয় গঠিত মনিটরিং টিম যথাযথভাবে কাজ করছে না বলে সভায় অভিযোগ করেন অভিভাবকরা। ফোরামের সভাপতি জিয়াউল কবির দুপুর সভাপতিত্বে সভায় শিক্ষকদের কোচিং সংক্রান্ত একটি প্রতিবেদন পেশ করা হয়। পৃষ্ঠা ২৩ কলাম ৪

### কোচিং বাণিজ্যে

প্রথম পৃষ্ঠার পর  
নেখানে বঙ্গা হয়েছে, রাজধানীর আইডিয়াল স্কুল এন্ড কলেজের ৪২ জন, ডিকারন নিশা নূন স্কুলের ২৮ জন, ঢাকা কলেজের ১৬ জন, মনিপুর উচ্চ বিদ্যালয়ের ২২ জন, মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের ১৪ জন, মতিঝিল মডেল স্কুলের ১২ জন, ইডেন কলেজের ১৪ জন, কাফরুলমেদা সরকারি বাপিকা বিদ্যালয়ের ৬ জন এবং রাজউক উচ্চ বিদ্যালয়ের ১২ জন শিক্ষক নিউমাল্পা উপেক্ষ করে কোচিং বাণিজ্যে অর্জিত রয়েছেন। অভিযুক্ত শিক্ষকদের নাম প্রকাশ করার জন্য সভায় ফাহিম উদ্দিন আহমেদকে আহ্বায়ক করে একটি তদারকি কমিটি গঠন করা হয়। কমিটি ঢাকা মেট্রো শহরকে চারভাগে ভাগ করে চারটি উপ-কমিটি গঠন করবে। এই উপ-কমিটি কোচিংয়ে অর্জিত শিক্ষকদের তালিকা মূল কমিটির নিকট জমা দেবে বলে সভায় সিদ্ধান্ত নেয়া হয়।

সভায় অন্যান্যের মধ্যে ফাহিম উদ্দিন আহমেদ, সেদিম উদ্দিন, বেলায়েত হোসেন, জাকির হোসেন, আব্দুর রাক্কাক প্রমুখ বক্তব্য রাখেন।